

নাজাত প্রাপ্ত দলের আকীদাহ

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন এবং তাঁর উত্তরসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ হাফেয বিন আহমাদ আল-হাকামী (রহঃ)

(২১) ‘লা-ইলাহা ইল্লাল্লাহ’এর মর্মার্থ যে অন্তর দিয়ে বিশ্বাস করা শর্ত তার দলীল কি?

দলীল হচ্ছে আল্লাহ তা‘আলার বাণীঃ

إِنَّمَا الْمُؤْمِنُونَ الَّذِينَ آمَنُوا بِاللَّهِ وَرَسُولِهِ ثُمَّ لَمْ يَرْتَابُوا وَجَاهَدُوا بِأَمْوَالِهِمْ وَأَنْفُسِهِمْ فِي سَبِيلِ اللَّهِ أُولَئِكَ هُمُ الصَّادِقُونَ

“মু‘মিন তো তারাই, যারা আল্লাহ এবং তাঁর রাসূলের প্রতি ঈমান আনয়নের পর সন্দেহ পোষণ করে না। এবং আল্লাহর পথে জান ও মাল দ্বারা জেহাদ করে। তারাই সত্যনিষ্ঠ”। (সূরা হুজরাতঃ ১৫) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামএর বাণীঃ

أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَأَنَّي رَسُولُ اللَّهِ لَا يَلْقَى اللَّهُ بِهِمَا عَبْدٌ غَيْرَ شَاكٍّ فِيهِمَا إِلَّا دَخَلَ الْجَنَّةَ

“আমি সাক্ষ্য দিচ্ছি যে, ‘এক আল্লাহ্ ব্যতীত কোন সত্য উপাস্য নেই এবং আমি আল্লাহর রাসূল’। যে কোন বান্দা এই দুটি বিষয়ের সাক্ষ্যদানকারী অবস্থায় আল্লাহ তা‘আলার সাথে সাক্ষাৎ করবে এবং তাতে কোন প্রকার সন্দেহ পোষণ না করবে, তবে সে জান্নাতে প্রবেশ করবে।[1] একদা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আবু হুরায়রাকে বললেনঃ

فَمَنْ لَقِيتَ مِنْ وَرَاءِ هَذَا الْحَائِطِ يَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ مُسْتَبِقًا بِهَا قَلْبُهُ فَبَشِّرْهُ بِالْجَنَّةِ

“এই দেয়ালের পিছনে যার সাথেই তোমার সাক্ষাৎ হবে এবং অন্তরের বিশ্বাসের সাথে সে যদি এই সাক্ষ্য দেয় যে, “আল্লাহ ছাড়া সত্য কোন মা’বুদ নেই” তাকে তুমি জান্নাতের সুসংবাদ দাও”।[2]

ফুটনোট

[1] - মুসলিম, অধ্যায়ঃ কিতাবুল ঈমান।

[2] - মুসলিম, অধ্যায়ঃ কিতাবুল ঈমান।

Source — <https://www.hadithbd.com/books/link/?id=2038>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন